বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো,মেহেরপুর-৭১০০
www.bwdb.meherpur.gov.bd

**নম্বর:** ৪২.০১.৫৭০০.০০০.৬৪৮.৩৬.০০০১.২১.৩৫৬

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ খ্রিঃ অর্থ বছরের জন্য **শুধুমাত্র মেহেরপুর জেলার** ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও পূর্বের তালিকাভূক্তির নবায়ন করা হবে। অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ৩) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা) ৪) বাংলাদেশি নাগরিকত্ব। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর)। |
| ৬। | তালিকাভূক্তিকরণ ও নবায়ন ফি | নতুন তালিকাভূক্তির জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকা এবং নবায়নের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৩০০/- (তিনশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর। |
| ৭। | আবেদনপত্র প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর। |
| ৮। | আবেদনপত্র দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেপুর। |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয় আরম্ভের তারিখ | ০৭/০৭/২০২৫ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা হতে। |
| ১০। | আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | **১৫/০৮/২০২৫ খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকা** (ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩-০৭-২০২৫
মোঃ আব্দুল হান্নান প্রধান
নির্বাহী প্রকৌশলী (পুর)
xen.meherpur@bwdb.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। জেলা প্রশাসক, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৭। পুলিশ সুপার, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপুর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/ইইডি/ওজোপাডিকো, মেহেরপুর। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৯। উপ-পরিচালক, আঞ্চলিক হিবাব কেন্দ্র (র্‍্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, মেহেরপুর ও সদস্য সচিব Enlistment কমিটি।
১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক বিভাগ, মেহেরপুর ও সদস্য Enlistment কমিটি।
১২। প্রাক্কলনিক/ ঊর্ধ্বতন হিসাব সহকারী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
১৩। নোটিশ বোর্ড/অফিস কপি, নোটিশ বোর্ড/অফিস কপি।